দৈনিক
ইনকিলাব

তারিখ ... 06 MAY 2008 ...
পৃষ্ঠা ৩ কলাম ৭

# শিক্ষাব্যবস্থা ও রাজনৈতিক নেতৃত্বের গুণগত পরিবর্তন জরুরী

## এবিসিডি'র সেমিনারে বক্তারা

স্টাফ রিপোর্টার ঃ শুধু রাজনৈতিক সংস্কার বা নির্বাচনের ওপরই বাংলাদেশের উজ্জ্বল ভবিষ্যৎ নির্ভর করছে না। একটি সম্ভাবনাময় বাংলাদেশ বাস্তবায়ন করতে সর্বাগ্রে দেশের শিক্ষাব্যবস্থার উন্নয়নের কথা ভাবতে হবে। এ জন্য শিক্ষার সংস্কার এবং কর্মমুখী শিক্ষাব্যবস্থা প্রবর্তনের কোনো বিকল্প নেই। গতকাল সকালে জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে অনুষ্ঠিত একটি সেমিনারে সাবেক উপদেষ্টা, দৈনিক ইন্ডিপেন্ডেন্ট পত্রিকার সম্পাদক মাহবুবুল আলম তার প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। অধ্যাপক ড. মাহফুজ পারভেজের সভাপতিত্বে এবং সাংবাদিক কলামিস্ট জামালউদ্দিন বারীর সঞ্চালনায় এডভান্স বাংলাদেশ সেন্টার ফর ডেভেলপমেন্ট (এবিসিডি) কর্তৃক আয়োজিত 'বাস্তবমুখী পরিবর্তনের পথে বাংলাদেশ : চ্যালেঞ্জ ও সম্ভাবনা' শীর্ষক সেমিনারের ধারণাপত্র উপস্থাপন করেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক মোহাম্মদ শহিদুল ইসলাম। উপস্থাপিত ধারণাপত্রে বাংলাদেশের স্বাধীনতা-পরবর্তী ৩৭ বছরের রাজনৈতিক ও অর্থনৈতিক অর্জন ও ব্যর্থতাগুলো তুলে ধরার পাশাপাশি নিকট ভবিষ্যতের কাঙ্ক্ষিত উত্তরণের সংক্ষিপ্ত পথনির্দেশ তুলে ধরা হয়েছে। প্রধান অতিথি তার বক্তৃতায় বাংলাদেশে কর্মমুখী শিক্ষা ও অর্থনৈতিক সম্ভাবনার কথা বলতে গিয়ে তথ্যপ্রযুক্তি খাতের বিকাশে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রতি জোর দেন। তবে কোনো অনির্বাচিত সরকারের পক্ষে সুশাসন প্রতিষ্ঠা করা সম্ভব নয়। বাস্তবমুখী পরিবর্তনের ক্ষেত্র হিসেবে পার্লামেন্ট থেকে শুরু করে ইউনিয়ন পরিষদ, জেলা ও উপজেলা পরিষদ পর্যন্ত স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর কর্মকাণ্ড সুনির্দিষ্ট ও শক্তিশালী হওয়া প্রয়োজন। সংবিধানের ৭০ অনুচ্ছেদের মাধ্যমে জাতীয় সংসদে সদস্যদের স্বাধীনভাবে কথা বলার অধিকার খর্ব করা হয়েছে। সেমিনারে বিশেষ অতিথির বক্তৃতায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর জসিমুদ্দিন আহমেদ বলেন, শিক্ষার মান ক্রমাগত নিম্নমুখী হচ্ছে। ছাত্র ও শিক্ষক রাজনীতির বর্তমান সংস্কৃতি শিক্ষা প্রতিষ্ঠানগুলোর স্বাভাবিক কর্মকাণ্ড বাধাগ্রস্ত করছে। পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে বিশ্ববিদ্যালয়ের ভিসি নিয়োগের ইন্টারভিউ নেয়ার মাধ্যমে সুযোগ্য শিক্ষাবিদদের পাওয়া যাবে না। সাম্প্রতিক সময়ে নাইজেরিয়ার তিক্ত অভিজ্ঞতার আলোকে আমাদের অর্থনীতি ও কৃষিব্যবস্থা নিয়ন্ত্রণে বিশ্বব্যাংক ও আইএমএফ-এর প্রেসক্রিপশন অগ্রাহ্য করে দেশীয় বাস্তবতার নিরিখে সিদ্ধান্ত গ্রহণের ওপর জোর দেন। ভারতের আন্তঃনদী সংযোগ প্রকল্পের প্রভাবে বাংলাদেশ মরুভূমিতে পরিণত হতে পারে বলে মন্তব্য করে তিনি এ সম্পর্কে সরকারের সদিচ্ছা ও সচেতন উদ্যোগ প্রত্যাশা করেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ডক্টর সুকোমল বড়ুয়া, নিউনেশন সম্পাদক মোস্তফা কামাল মজুমদার, ভাসানীর হক কথা'র সম্পাদক আবুল কালাম আজাদ, প্রবীণ সাংবাদিক শেখ রকিবুদ্দিন, ক্রীড়া সংগঠক মোস্তফা আল্লামা, প্রিন্সিপাল জামান, ব্যাংকার দেলোয়ারা বেগম প্রমুখ।